



Cheryl Lawrence, MD, FAAP
Medical Director

জুলাই 2020

Office of School Health
42-09 28th St.
Queens, NY 11101-4132

প্রিয় বাবা-মা বা অভিভাবক,

নিউ ইয়র্ক সিটি 2020-2021 শিক্ষাবর্ষের জন্য স্কুলের টিকাকরণ প্রয়োজনীয়তাগুলো সম্পর্কে নতুন কিছু সংযোজন করেছে। এই পত্রের সঙ্গে 2020-2021 শিক্ষা বর্ষের প্রয়োজনীয়তাগুলোর একটি তালিকা আছে। যদি আপনার বাচ্চারা শিশু পরিচর্যা বা স্কুলে যায় তাহলে তাদের স্কুল শিক্ষাবর্ষের শুরুর আগে অবশ্যই টিকাকরণের প্রমাণ জমা দিতে হবে।

গ্রেড 12 পর্যন্ত শিশু পরিচর্যার সমস্ত ছাত্র-ছাত্রীদের অবশ্যই এইসবের প্রয়োজনীয়তা পূরণ করতে হবে:

- DTaP (ডিপথেরিয়া-টিটেনাস-পার্টুসিস), পলিওভাইরাস, MMR (হাম-মাম্পস-রুবেলা), ভেরিসেলা এবং হেপাটাইটিস বি টিকা।

5 বছরের কম বয়সী যে সকল বাচ্চারা শিশু পরিচর্যা এবং প্রি-কিন্ডারগার্টেনে (প্রি-K) ভর্তি হয়েছে তাদেরকে এসবের প্রয়োজনীয়তা পূরণ করা আবশ্যিক:

- হিব (হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি) এবং PCV (নিউমোকোকাল কনজুগেট) টিকা।
- ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) টিকা: বাচ্চাদের ডিসেম্বর 30, 2020 এর মধ্যে ফ্লু এর টিকা দেয়া আবশ্যিক (সাধারণত, শরতের শুরুর দিকে এটি উপলভ্য হয়)।

6 থেকে 12 গ্রেডের বাচ্চাদের এসবের প্রয়োজনীয়তা পূরণ করা আবশ্যিক:

- Tdap বুস্টার এবং MenACWY (মেনিনজোকোকাল কনজুগেট) টিকা।

আপনার শিশু পরিচর্যা প্রদানকারীর সঙ্গে আপনার বাচ্চার টিকাকরণের ইতিহাস পর্যালোচনা করুন। তার প্রদানকারী আপনাকে শিশু পরিচর্যা বা এই শিক্ষাবর্ষে ভর্তি হতে আপনার বাচ্চার এক বা একাধিক টিকার অতিরিক্ত ডোজের প্রয়োজন কিনা জানাবেন।

2020 -2021 প্রয়োজনীয়তা সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে, আপনার শিশু পরিচর্যা কেন্দ্র বা স্কুলের প্রশাসনিক অফিসের সঙ্গে যোগাযোগ করুন।

বিনীত,

Cheryl Lawrence, MD, FAAP
মেডিক্যাল ডিরেক্টর
স্কুলের স্বাস্থ্য সংক্রান্ত দপ্তর
(Office of School Health)

আপনার বাচ্চা কী শিশু পরিচর্যা বা স্কুলের জন্য প্রস্তুত?

2020-2021 শিক্ষা বর্ষ

নিউ ইয়র্ক শহরের প্রয়োজনীয় টিকাদান সম্পর্কে জানুন।

নিউ ইয়র্ক শহরের 2 মাস থেকে 18 বছর বয়সী সমস্ত শিক্ষার্থীকে অবশ্যই শিশু পরিচর্যা বা স্কুলে যেতে নিম্নলিখিত টিকা নিতে হবে। এই শিক্ষাবর্ষে আপনার বাচ্চার গ্রেডের ভিত্তিতে তার টিকার প্রয়োজনীয়তা পর্যালোচনা করুন।

টিকাদান	প্রি-কিন্ডারগার্টেন (শিশু পরিচর্যা, হেড স্টাট, নার্সারি বা প্রি-কে)	কিন্ডারগার্টেন - গ্রেড 5	গ্রেড 6-11	গ্রেড 12
ডিপথেরিয়া, টিটেনাস এবং পার্টুসিস (DTaP)	4 ডোজ	5 ডোজ অথবা কেবল 4 ডোজ যদি চতুর্থ ডোজ 4 বছর বা তার বেশি বয়সে দেয়া হয়ে থাকে 3 ডোজ বাচ্চার বয়স 7 বছর বা তার বেশি হলে এবং সিরিজ 1 বছর বা তার বেশি বয়সে শুরু হলে	3 ডোজ	
টিটেনাস, ডিপথেরিয়া এবং পার্টুসিস বুস্টার (Tdap)			1 ডোজ (11 বছরে বা তার পরে)	
পোলিও (IPV বা OPV)	3 ডোজ	4 ডোজ অথবা 3 ডোজ যদি তৃতীয় ডোজ 4 বা তার বেশি বয়সে দেয়া হয়ে থাকে		
হাম, মাম্পস, এবং রুবেলা (Measles, mumps and rubella, MMR)	1 ডোজ	2 ডোজ		
হেপাটাইটিস বি	3 ডোজ	3 ডোজ	3 ডোজ অথবা প্রাপ্তবয়স্ক হেপাটাইটিস বি টিকার 2 ডোজ (রিকম্বিন্যান্ট এইচবি) যদি ডোজগুলি বয়স 11 থেকে 15 বছরের মধ্যে অন্তত 4 মাসের ব্যবধানে নেয়া হয়ে থাকে	
ভেরিসিলা (চিকেনপক্স)	1 ডোজ	2 ডোজ		
মেনিনজোকোকাল কনজুগেট (MenACWY)			গ্রেড 6: প্রয়োজ্য নয় গ্রেড 7-11: 1 ডোজ	2 ডোজ বা 1 ডোজ কেবলমাত্র যদি তৃতীয় ডোজ 16 বছর বা তার বেশি বয়সে নেয়া হয়ে থাকে
হেমফিলাস ইনকুয়েঞ্জা টাইপ B কনজুগেট (Hib)	1 থেকে 4 ডোজ শিশুর বয়স এবং আগের ডোজের ওপর নির্ভর করে			
নিউমোকোকাল কঞ্জুগেট (PCV)	1 থেকে 4 ডোজ শিশুর বয়স এবং আগের ডোজের ওপর নির্ভর করে			
ইনকুয়েঞ্জা	1 ডোজ			

আপনার শিশুর কটি টিকার ডোজ লাগতে পারে তা তার বয়স এবং পূর্বের টিকার ডোজের উপর ভিত্তি করে ভিন্ন হতে পারে। নির্দিষ্ট কিছু স্বাস্থ্য সমস্যা থাকলে আপনার শিশু আরো টিকা অথবা টিকার ডোজের প্রয়োজন হতে পারে। আপনার প্রশ্ন থাকলে স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর সাথে কথা বলুন। আরো তথ্যের জন্য **311** এ কল করুন অথবা nyc.gov/health এ যান এবং “student vaccines” (শিক্ষার্থীদের জন্য টিকা) খুঁজুন।

Bengali

NYC

Department of Health & Mental Hygiene

Department of Education